কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (১৫ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.agriaudit.org.bd

নং-৮২.১৮.০০০০.০০১.৪৩.৮১২-২৫.৭১৬ তারিখ: ১৫/০১/২০২৬ খ্রি.

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

**বিষয়: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এর ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রেরণ প্রসংগে।**

**সূত্র নং-৮২.১৮.০০০০.০০৭.৩৪.১৩৬.২২-৩২৪ তারিখ: ২৭/০৮/২০২৫ খ্রি.।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, গাজীপুর এবং এর আওতাধীন ০৩টি প্রতিষ্ঠানের (প্রকল্প) ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম ১৮/০৯/২০২৫ খ্রি. হতে ১০/১০/২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষিত প্রতিষ্ঠানগুলোর উপর মোট ৩১টি আপত্তি উত্থাপন করা হয়। উত্থাপিত আপত্তিগুলোর মধ্যে আপত্তি নং-১, ২, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২২, ২৩, ২৬, ২৮, ৩০ = মোট ২০টি অনুচ্ছেদকে গুরুতর আর্থিক অনিয়ম **SFI** এবং আপত্তি নং- ৬, ১১, ১২, ১৯, ২০, ২১, ২৪, ২৫, ২৭, ২৯, ৩১ = মোট ১১টি অনুচ্ছেদকে **NON SFI** অনুচ্ছেদ হিসেবে চিহ্নিত করা হয়েছে। অনুচ্ছেদসমূহ নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (**AIR**) এ অন্তর্ভুক্ত করে এতদসংগে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় (**AIR**) এ বর্ণিত **SFI** অনুচ্ছেদসমূহের ক্ষেত্রে নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে এবং **NON SFI** অনুচ্ছেদসমূহের জবাব সরাসরি প্রতিবেদন ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পরিশিষ্টসহ নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন-১২৯ পাতা।

15.01.26

(জোবায়ের হোসেন)
উপপরিচালক
সেক্টর-১
ফোন: ০২-২২৬৬৬৪১৫২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

নং-৮২.১৮.০০০০.০০১.৪৩.৮১২-২৫.৭১৬ তারিখ: ১৫/০১/২০২৬ খ্রি.

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ডেপুটি সিএজি (এএন্ডআর), সিএজি কার্যালয়, অডিট ভবন ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।
৩। পিএ টু মহাপরিচালক।
৪। পিএ টু পরিচালক।
৫। অফিস কপি।
৬। গার্ড ফাইল।

(জোবায়ের হোসেন)
উপপরিচালক
সেক্টর-১।

CamScanner

# SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ইনস্টিটিউটের আইন ও প্রবিধানমালা অনুযায়ী প্রাপ্য না হওয়া সত্ত্বেও জিওবি তহবিল হতে কর্মকর্তা/কর্মচারীদের জীবন বীমা প্রিমিয়াম পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২০,৬২,৬৫৭/-(বিশ লক্ষ বাষট্টি হাজার ছয়শত সাতান্ন) টাকা। | ২০,৬২,৬৫৭ |
| ২ | ডিপিপি'র সংস্থান বহির্ভূত নির্মাণকাজ যথাসময়ে সম্পন্ন না করেই অনিয়মিতভাবে বিল পরিশোধ ৩২,৭১,৪৭৭/- (বত্রিশ লক্ষ একাত্তর হাজার চারশত সাতাত্তর) টাকা। | ৩২,৭১,৪৭৭ |
| ৩ | অতিরিক্ত সংখ্যক শ্রমিক নিয়োগপূর্বক মজুরি পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৪,৭৫,২০,০০০/- (চার কোটি পঁচাত্তর লক্ষ বিশ হাজার) টাকা। | ৪,৭৫,২০,০০০ |
| ৪ | জিওবি'র প্রাপ্ত বরাদ্দ হতে শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন প্রদান করায় আর্থিক ক্ষতি ১,৭৪,৮২,৩১৬/-(এক কোটি চুয়াত্তর লক্ষ বিরাশি হাজার তিনশত ষোল)। | ১,৭৪,৮২,৩১৬ |
| ৫ | কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা-২০১৭ লঙ্ঘন করে প্রাপ্যতার বহির্ভুতভাবে শ্রমিক কর্মচারীদের মজুরী প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৪৩,৭৭,৮০০/- (এক কোটি তেতাল্লিশ লক্ষ সাতাত্তর হাজার আটশত) টাকা। | ১,৪৩,৭৭,৮০০ |
| ৬ | নির্মাণ কাজে Sand Filling in foundation item অতিরিক্ত সিডিউলে অন্তর্ভুক্ত করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১৩,৮৫,৬২৭/- (তের লক্ষ পঁচাশি হাজার ছয়শত সাতাশ) টাকা। | ১৩,৮৫,৬২৭ |
| ৭ | জিওবি তহবিলের টাকা হতে পার্টনার প্রকল্পের সয়েল টেস্ট কাজের কনসালটেন্ট প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১৪,৯৮,০০৮/- টাকা। | ১৪,৯৮,০০৮ |
| ৮ | কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা-২০১৭ লঙ্ঘন করে অনিয়মিত শ্রমিক নিয়োগ ও শ্রমিকদের মজুরী শ্রমিকদের ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধ না করে ডিডিও নামে অর্থ উত্তোলন করে নগদে পরিশোধ করায় ১,৩৬,২১,৩০০/-(এক কোটি ছত্রিশ লক্ষ একুশ হাজার তিনশত) টাকা অনিয়মিত ব্যয়। | ১,৩৬,২১,৩০০ |
| ৯ | অনুমোদিত অর্গানোগ্রাম বহির্ভূত জনবলের বেতন ভাতা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৩,০০,২৪,০০০/-(তিন কোটি চব্বিশ হাজার) টাকা। | ৩,০০,২৪,০০০ |
| ১০ | অন্যান্য ভবন ও স্থাপনা এবং গবেষণা ও অন্যান্য খাতে বরাদ্দের অতিরিক্ত পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ২,৯০,৭৭,৭৫৭/-(দুই কোটি নব্বই লক্ষ সাতাত্তর হাজার সাতশত সাতান্ন) টাকা। | ২,৯০,৭৭,৭৫৭ |
| ১১ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর অর্গানোগ্রাম বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানে বিধি বহির্ভূতভাবে রাজস্ব খাত থেকে বরাদ্দ বিহীন ভবন নির্মাণ করায় আর্থিক ক্ষতি ৬,৮২,৬৩,২৬৬/- (ছয় কোটি বিরাশি লক্ষ তেষট্টি হাজার দুইশত ছিষট্টি) টাকা। | ৬,৮২,৬৩,২৬৬ |
| ১২ | কৃষি ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালা ২০১৭ লঙ্ঘনপূর্বক শ্রমিকদের ওভারটাইম পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১,৫৬,৬৯,৫৫০/- (এক কোটি ছাপান্ন লক্ষ উনসত্তর হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা। | ১,৫৬,৬৯,৫৫০ |



CS CamScanner

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১৩ | গভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে ড্রইং ও ডিজাইন পরিবর্তন করে ঠিকাদারের সাথে পুনরায় চুক্তি ব্যতীত দফায় দফায় সময় বৃদ্ধি করত: কার্যসম্পাদন করে বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৫৪,৪৫,২৩৮/-(চুয়ান্ন লক্ষ পয়তাল্লিশ হাজার দুইশত আটত্রিশ)। | ৫৪,৪৫,২৩৮ |
| ১৪ | অর্থ বছর সমাপ্তির পরও অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি ২,৪৬,৯৫,৫৩৬/- (দুই কোটি ছিচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত ছত্রিশ) টাকা। | ২,৪৬,৯৫,৫৩৬ |
| ১৫ | পিপিআর, ২০০৮ এর বিধি লঙ্ঘন করে সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে বাৎসরিক সিলিং সীমার অতিরিক্ত অনিয়মিত ব্যয় ৩,৬৪,৫২,৮৭৬/- (তিন কোটি চৌষট্টি লক্ষ বায়ান্ন হাজার আটশত ছিয়াত্তর) টাকা। | ৩,৬৪,৫২,৮৭৬ |
| ১৬ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের আইনে উল্লেখ থাকা সত্ত্বেও ইনস্টিটিউটের হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত এবং চার্টার্ড একাউনটেন্ট (সিএ) ফার্ম দ্বারা হিসাব নিরীক্ষা না করায় (ব্রি) আইন, ২০১৭ লঙ্ঘন। | ০ |
| ১৭ | আবর্তক খাতের (মেরামত) অর্থ দ্বারা মূলধন খাতভুক্ত (নির্মাণ) ব্যয় নির্বাহ করায় অনিয়মিত ব্যয় ৩,৮৬,৭৭,৭৫০/-(তিন কোটি ছিয়াশি লক্ষ সাতাত্তর হাজার সাতশত পঞ্চাশ) টাকা। | ৩,৮৬,৭৭,৭৫০ |
| ১৮ | রেসপনসিভ সরবরাহকারীকে নন -রেসপনসিভ ঘোষণা করে কার্যাদেশ প্রদান করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২০,৫৯,০১১/- (বিশ লক্ষ উনষাট হাজার এগার) টাকা ব্যয়। | ২০,৫৯,০১১ |
| ১৯ | আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অমান্য করে বরাদ্দকৃত অর্থের বিপরীতে কোড ভিত্তিক হিসাবভূক্ত নথি ব্যবস্থাপনা না করায় সরকারি অর্থের সঠিক হিসাব রক্ষণ ব্যহত। | ০ |
| ২০ | অর্থবছর শেষে প্রকল্পের অব্যায়িত অর্থ সরকারি খাতে ফেরত প্রদান না করে অনিয়মিতভাবে বিভিন্ন নামে অগ্রিম প্রদান করায় সরকার অর্থ প্রাপ্তি হতে বঞ্চিত ৪০,৩২,৮০০/- (চল্লিশ লক্ষ বত্রিশ হাজার আটশত) টাকা। | ৪০,৩২,৮০০ |
| | সর্বমোট | ৩৫,৫৬,১৬,৯৬৯ |

কথায় :পঁয়ত্রিশ কোটি ছাপ্পান্ন লক্ষ ষোল হাজার নয় শত উনসত্তর

# NON-SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ২১ | গবেষণা কার্যক্রমের জন্য আর্থিক ক্ষমতার অতিরিক্ত অগ্রিম উত্তোলনের অনুমোদন প্রদান করায় অনিয়মিত ব্যয় ২৮,৮০,০০০/- (আটাশ লক্ষ আশি হাজার) টাকা। | ২৮৮০০০০ |
| ২২ | জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন না করে কম হারে কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি ৬৯,৮৯৭/- (উনসত্তর হাজার আটশত সাতানব্বই) টাকা। | ৬৯৮৯৭ |
| ২৩ | পিপিআর, ২০০৮ পরিপালন না করে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে [illegible] অতিরিক্ত পণ্য ও সার্ভিস সেবা ক্রয়কার্য সম্পাদনের মাধ্যমে অনিয়মিত ব্যয় ১০,৩৫,২৯০/- (দশ লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত নব্বই) টাকা। | ১০৩৫২৯০ |
| ২৪ | সংশোধিত প্রাক্কলন কর্তৃপক্ষের অনুমোদনের ব্যতীত একই কাজে একাধিকবার নির্মাণ দেখিয়ে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২,০১,৭৯,৮৩০/- (দুই কোটি এক লক্ষ উনআশি হাজার আটশত ত্রিশ) টাকা। | ২০১৭৯৮৩০ |
| ২৫ | ড্রয়িং, ডিজাইন এবং চুক্তিপত্র সংশোধন ব্যতিরেকে অতিরিক্ত কার্যাদেশ/ভেরিয়েশন অর্ডার প্রদান করতঃ বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৮২,৬৫,০৮২/- (বিরাশি লক্ষ পঁয়ষট্টি হাজার বিরাশি) টাকা। | ৮২৬৫০৮২ |
| ২৬ | আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অমান্য করে মোটরযান মেরামত খাতে আর্থিক ক্ষমতার অতিরিক্ত অনিয়মিত ব্যয় ৩১,৭২,৭১৭/- (একত্রিশ লক্ষ বাহাত্তর হাজার সাতশত সতের) টাকা। | ৩১৭২৭১৭ |
| ২৭ | কৃষি মন্ত্রণালয় এবং ডিপিপি'র নির্দেশনা লঙ্ঘন করে ভিত্তি ডকুমেন্টারী কাজ বাবদ ঠিকাদারকে অনিয়মিতভাবে পরিশোধ ১২,৬৮,৮০৬/- (বারো লক্ষ আটষট্টি হাজার আটশত ছয়) টাকা। | ১২৬৮৮০৬ |
| ২৮ | প্রকল্পের গবেষণা কাজে অর্থ ব্যয় করা হলেও কোনো অগ্রগতি না হওয়ায় নিষ্ফল ব্যয় ৩,১৯,৪৯,০০০/- (তিন কোটি উনিশ লক্ষ উনপঞ্চাশ হাজার ) টাকা। | ৩১৯৪৯০০০ |
| ২৯ | আউট সোর্সিং জনবলের সাকুল্য বেতন প্রদানের পরেও অতিরিক্ত পরিশোধিত টাকার হিসাব না পাওয়ায় সরকারের আর্থিক ক্ষতি ১,০৬,০৯,৬০০/- (এক কোটি ছয় লক্ষ নয় হাজার ছয়শত) টাকা। | ১০৬০৯৬০০ |
| ৩০ | আর্থিক ক্ষমতার সীমালঙ্ঘনপূর্বক প্রশিক্ষণ বাবদ অগ্রিম উত্তোলনের অনুমোদন ও ব্যয় সম্পাদনজনিত অনিয়মিত ব্যয় ৪৪,৪০,৬০০/- (চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার ছয়শত টাকা)। | ৪৪৪০৬০০ |
| ৩১ | আর্থিক ক্ষমতা অর্পন আদেশ, ২০১৫ উপেক্ষা করে প্রশিক্ষণ খাতে সীমাতিরিক্ত ব্যয় ১,২৫,০০,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ) টাকা। | ১২৫০০০০০ |
| | সর্বমোট | ৯৬৩৭০৮২২ |

কথায় :নয় কোটি তেষট্টি লক্ষ সত্তর হাজার আট শত বাইশ



CamScanner